

ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার, তেজগাঁও, ঢাকা।

অর্থাধীন আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক স্থাবর সম্পত্তির নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, Mr. Md. Akter Hossen son of Md. Md. Abul Hossen, Proprietor of **CHAWTI WEAVING FACTORY**, Address: Soyadhangora Khanpara pukurpar, P.O-Sirajgong, P.S+ District-Sirajgonj. এর নিকট ব্র্যাক ব্যাংক লিমিটেড এর Loan বাবদ গত ১৪.১০.২০১৮ ইং তারিখ পর্যন্ত ৩০,৯৬,৮৩৭.৩৫/- টাকা পাওনা রহিয়াছে। উক্ত ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের নিশ্চয়তা স্বরূপ তাঁহার নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিগত ০৬.০৬.২০১৭ ইং তারিখে সম্পাদিত ও রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল নং ৪০১০ এর মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিঃ, এর নিকট দায়বদ্ধ রাখিয়াছেন এবং একই তারিখে সম্পাদিত ও রেজিস্ট্রিকৃত ৪০১১ নং আম-মোজারনামা দলিলের মাধ্যমে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়াছেন। ঋণ বাবদ পাওনা টাকা উক্ত ঋণ গ্রহীতা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ব্র্যাক ব্যাংক লিঃ পাওনা আদায়ের নিমিত্তে উক্ত বন্ধকী দলিল ও আম-মোজারনামা বলে তফসিল বর্ণিত বন্ধকী স্থাবর সম্পত্তি নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করিতেছে।

তপশীল

জেলাঃ সিরাজগঞ্জ, থানা-সিরাজগঞ্জ, সাবরেজিস্ট্রি অফিস- সিরাজগঞ্জ সদর, জে. এল নং-৮৫, খতিয়ান সি, এস-৮৫ নং, সি, এস দাগ-৩৫৪, খতিয়ান এস, এ-১৪৩ নং, এস, এ দাগ-৩৯৭ নং, খতিয়ান আর, এস ১৪২১ নং, আর, এস দাগ ৩১০৩, ৩১০৬, ৩১০৪ জমির পরিমাণ- ০৩৫০+০৪৩৭+০১১৩=০৯০০ একর ভূমি এর উপর নির্মিত ফসলী, পুকুরপাড়, পতিত হালে চৈতী উইভিং ফ্যাক্টরী জমির ভোগ ব্যবহারের অধিকার সহ ইজমেন্ট রাইট।

সি,এস খং নং	সি,এস দাগ নং	এস এ খং নং	এস এ দাগ নং	আর, এস খং নং	আর, এস দাগ নং	জমির পরিমাণ
৮৫	৩৫৪	১৪৩	৩৯৭	১৪২১	৩১০৩	.০৩৫০ একর ভূমি
৮৫	৩৫৪	১৪৩	৩৯৭	১৪২১	৩১০৬	.০৩৫০ একর ভূমি
৮৫	৩৫৪	১৪৩	৩৯৭	১৪২১	৩১০৪	.০৩৫০ একর ভূমি

বন্ধকী হিসাবে পেশকৃত সম্পত্তির পরিমাণ

মোট=০৯০০ একর ভূমি।

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী ০৫-১২-১৮ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা, উদ্বৃত্ত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২ নং শর্তে উল্লিখিত ঠিকানায় ব্র্যাক ব্যাংক লিঃ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। ৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ৬) উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন। ৭) নিলামে অংশ গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহণের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। ৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার ব্র্যাক ব্যাংক লিঃ সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারণে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী ০৫-১২-১৮ ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২ নং শর্তে উল্লিখিত ব্র্যাক ব্যাংক লিঃ এর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। কৃতকার্য দরদাতাকে অবশ্যই দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ১২০ দিবসের মধ্যে দলিল সম্পাদন করিতে হইবে, অন্যথায় সমুদয় মূল্য বাজেয়াপ্ত হইবে। কৃতকার্য দরদাতাকে দলিল সম্পাদনের যাবতীয় দায়িত্ব এবং সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করিতে হইবে। দলিল সম্পাদনের পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হইবে না। ১০) সফল দরদাতাকে অর্থাধীন আদালত আইন-২০০৩ এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে। দরপত্র দাখিলের ঠিকানাঃ লিগ্যাল এন্ড রিকোভারী ডিভিশন, সেপাল প্রাটিনাম টাওয়ার, লেভেল-৩, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন নং- ০১৭১৪০৮৪৫০৩, ০১৭১৪০৯৩২৩২।